# দৈনিক খবর

তারিখ ..09 NOV 1992... ...
পৃষ্ঠা··· ১ ·····কলাম ··৬ ...

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রোগ্রাম

## 'শিক্ষা বিস্তারের জন্য টিভিতে স্বতন্ত্র চ্যানেল চালু করা হবে'

বাসস জানায়ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, সরকার শিক্ষা বিস্তারের জন্য টেলিভিশনে একটি স্বতন্ত্র

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## শিক্ষা বিস্তারের

প্রথম পৃষ্ঠার পর

চ্যানেল চালু করার বিষয় বিবেচনা করছেন।

তিনি গতকাল রোববার বাংলাদেশ টেলিভিশনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রোগ্রাম উপলক্ষে ভাষণ দানকালে বলেন, রেডিও ও টেলিভিশন এ ব্যাপারে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর মাধ্যম। তিনি বলেন, সরকার শিক্ষার উন্নয়নের জন্য এ মাধ্যমকে ব্যবহার করতে চান।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে জনগণকে অভিনন্দন জানিয়ে তিনি বলেন, আজ থেকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রোগ্রাম চালু করায় এই দিনটি সবার কাছে আরো অধিক স্মরণীয় হয়েথাকবে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে শিক্ষা খাতে একটি নয়া সংযোজন হিসেবে আখ্যায়িত করে প্রধানমন্ত্রী বলেন, দেশব্যাপী এটা বিস্তৃত হবে। জাতীয় সংসদ সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিল পাস করেছে। তিনি বলেন, ছাত্ররা রেডিও, টেলিভিশন এবং ডাক বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা নিয়ে মুদ্রিত পাঠ্যক্রমের সাহায্যে শিক্ষা গ্রহণ করতে পারবেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করে তিনি বলেন, এটা উন্নয়ন ও উৎপাদনমুখী শিক্ষা বিস্তারে সহায়ক হবে। এতে নারী শিক্ষার প্রতি বিশেষ গুরুত্বসহ উচ্চ শিক্ষার ব্যবস্থা থাকবে। তিনি আরো বলেন যে, শ্রমজীবী ও পশ্চাৎপদ লোকদের শিক্ষাদানের ক্ষেত্রে বিশেষ যত্ন নেয়া হবে। বেগম জিয়া আশাবাদ ব্যক্ত করেন যে, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালুর ফলে নিরক্ষরতার হার হ্রাস পাবে এবং অপ্রাতিষ্ঠানিক শিক্ষার প্রতি যথাযথ গুরুত্ব দেয়া হবে। তিনি বলেন, সবার কাছে শিক্ষার সমান সুযোগ পৌঁছে দেয়াই এ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্য। তিনি বলেন, সরকার গণতন্ত্র ও উন্নয়নের স্বার্থে সারা দেশে শিক্ষার আলো বিস্তার কামনা করছে। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, এ বিশ্ববিদ্যালয় সবার সহযোগিতা নিয়ে তার লক্ষ্য অর্জনে সফল হবে।